# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**14 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য মন্ত্রী পীযূষ গোয়েলের আজ নতুন দিল্লির ভারত মন্ডপে ৪৩তম ভারত আর্ন্তজাতিক বাণিজ্য মেলার উদ্বোধন/

(২) মণিপুরের সাম্প্রতিক নিরাপত্তা পরিস্থিতি পর্যালোচনা করে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয়ের ঐ রাজ্যের আরো ছ'টি পুলিশ থানা এলাকায় সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইন বলবৎ/

(৩) উত্তর পূর্বাঞ্চলকে দেশের অর্থনীতির উন্নয়নের চালিকা শক্তিতে রূপান্তরিত করতে কেন্দ্রীয় সরকার বদ্ধপরিকর বলে কেন্দ্রীয় উত্তর পূর্ব উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার প্রকাশ/

(৪) দেশের প্রথম প্রধানমন্ত্রী পন্ডিত জওহরলাল নেহরুর জন্মদিনটি আজ বরাক উপত্যকায়ও শিশু দিবস হিসেবে পালিত/

এবং

(৫) শিলকুড়িতে আজ ৮৩তম ঐতিহ্যবাহী বরমবাবার মেলা উদ্বোধন/

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য মন্ত্রী পীযূষ গোয়েল আজ নতুন দিল্লির ভারত মন্ডপে ৪৩তম ভারত আর্ন্তজাতিক বাণিজ্য মেলার উদ্বোধন করেছেন । এতে কেন্দ্রীয় খনি ও কয়লা মন্ত্রী জি কিষাণ রেড্ডি খনি মন্ত্রণালয়ের একটি প্যাভেলিয়নের উদ্বোধন করেন । আকাশবাণীর সংবাদদাতাকে দেওয়া এক একান্ত সাক্ষাৎকারে ভারত বাণিজ্য প্রসার সংস্থার উপদেষ্টা শংকরা নন্দ ভারতী বলেন যে- এবারের মেলার বিষয়বস্তু হচ্ছে- ‘২০৪৭ সালে বিকশিত ভারত’ । তারসঙ্গে এবারের মেলায় ঝাড়খন্ডকে বিশেষ গুরুত্ব প্রদান করা হয়েছে বলে তিনি জানিয়েছেন । এই আর্ন্তজাতিক বাণিজ্য মেলায় এবছর বিহার এবং উত্তর প্রদেশ অংশীদারী রাজ্য হিসেবে অংশ নিচ্ছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে- ১৪ দিনের এই বাণিজ্য মেলায় চিন, ইজিপ্ট, ইরান, দক্ষিণ কোরিয়া, থাইল্যান্ড, তুরস্ক, সংযুক্ত আরব আমীর শাহী সহ বেশকয়েকটি দেশ অংশগ্রহণ করেছে । আজ থেকে আগামী ১৮ নভেম্বর পর্যন্ত ব্যবসা বাণিজ্যের জন্য এই মেলা খোলা থাকবে । জনসাধারণ আগামী ১৯ থেকে ২৭শে নভেম্বর পর্যন্ত বাণিজ্য মেলায় যেতে পারবেন ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয় মণিপুরের নতুন আরো ছ’টি পুলিশ থানার অন্তর্গত এলাকা সমূহকে উপদ্রুত অঞ্চল ঘোষণা করে ঐসব এলাকাকে সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইনের আওতায় নিয়ে এসেছে । উল্লেখ্য- এর আগে রাজ্যের ১৯টি পুলিশ থানার আওতাধীন এলাকাকে এই আইনের আওতার বাইরে রাখা হয়েছিল । সম্প্রতি মণিপুরের জিরিবাম জেলার ঝাকরাডহর এলাকায় সি আর পি এফ এবং সন্দেহভাজন কুকি উগ্রপন্থীদের মধ্যে সংঘর্ষ ও সাধারণ জনতার উপর আক্রমণের ঘটনার পরবর্তীতে সরাষ্ট্র মন্ত্রণালয় মণিপুরে অতিরিক্ত কুড়ি কোম্পানি আধাসামরিক বাহিনী পাঠায় । এবং এরপরেই কেন্দ্র এই সিদ্ধান্ত নেয় । কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে- যে নিরাপত্তা পরিস্থিতির বিষয়ে পর্যালোচনার পর এই ১৯টি পুলিশ থানাকে পুনরায় এই আইনের আওতায় নিয়ে আসা হয়েছে। উল্লেখ্য- আগামী বছরের ৩১শে মার্চ পর্যন্ত এই আদেশ কার্যকর থাকবে ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া বলেছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে উত্তর-পূর্বাঞ্চল গত এক দশকে ব্যাপক উন্নয়নমূলক কাজকর্ম হয়েছে । আইজলে আজ অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় ডোনার মন্ত্রী একথা উল্লেখ করে বলেন যে এন ডি এ সরকারের মূল লক্ষ্য হলো উত্তর-পূর্বাঞ্চলকে ভারতীয় অর্থনীতির উন্নয়নের চালিকা শক্তি হিসেবে রূপান্তরিত করা । তিনি আরো বলেন যে

উত্তর-পূর্ব ভারতীয় উপমহাদেশে দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলির প্রবেশ দ্বার হওয়ায় দেশের উন্নয়নে এই অঞ্চলকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে । শ্রী সিন্ধিয়া বলেন যে এই অঞ্চলটি এনডিএ সরকারের সময়ে এই অঞ্চলটি পরিকাঠামো এবং মানব সম্পদ উভয় ক্ষেত্রেই ব্যাপক উন্নয়নের সাক্ষী হয়েছে । উত্তর-পূর্বে বর্তমানে ১৭ টি বিমানবন্দর রয়েছে এবং অদূর ভবিষ্যতে এই অঞ্চলের সব রাজ্য রেলপথ দ্বারা সংযুক্ত হবে বলেও তিনি উল্লেখ করেন ।

---

আজ শিশু দিবস । দেশের প্রথম প্রধানমন্ত্রী পন্ডিত জওহরলাল নেহরুর জন্মদিনটি প্রতিবছর শিশু দিবস হিসেবে পালন করা হয় । এই দিবসের সঙ্গে সঙ্গতি রেখে দেশের বিভিন্ন প্রান্তের শিক্ষা প্রতিষ্ঠান সহ অন্যান্য সংগঠনের পক্ষ থেকে আজকের দিনটিতে ছাত্র-ছাত্রীদের মধ্যে খেলাধূলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পন্ডিত জওহরলাল নেহরুর জন্মদিনে তাঁর প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেছেন । রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা শিশু দিবস উপলক্ষে শিশুদের শুভেচ্ছা জানিয়েছেন ।

বরাক উপত্যকার বিভিন্ন স্থানে আজ নানা কার্যসূচীর মাধ্যমে শিশু দিবস পালন করা হয়েছে । উপত্যকার তিন জেলার বিদ্যালয়গুলিতে আজ এই দিবস উপলক্ষে ছাত্রছাত্রীদের বিভিন্ন প্রতিযোগিতামূলক অনুষ্ঠান, খেলাধূলা, বসে আঁকো, সাংস্কৃতিক অনুসঠান ইত্যাদির আয়োজন করা হয় । এছাড়া বেশকয়েকটি সংগঠনও আজ এই দিবস উপলক্ষে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছে ।

---

শিলচরের সারদা কলেজিয়েট স্কুলে আজ বিভিন্ন প্রতিযোগীতা ও সাংস্কৃতিক কার্যসূচীর মাধ্যমে শিশু সমারোহ উৎসব ও শিশু দিবস পালন করা হয়েছে । এতে অন্যান্য বিদ্যালয়ের শিশুরাও অংশগ্রহণ করেছে । অংশগ্রহণকারী প্রতিটি শিশুকে পুরস্কার প্রদান করা হয় ।

---

ঐতিহ্যবাহী বরম বাবার মেলা আজ থেকে শিলকুড়িতে আরম্ভ হয়েছে । আজ সকালে শিলচর রামকৃষ্ণ মিশনের স্বামী গুণাতীতানন্দজী মহারাজ ফিতা কেটে ৮৩ তম এই মেলার সূচনা করেন । তিনদিনব্যাপী এই মেলার উদ্বোধনী অনুষ্ঠানে শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য, করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালাহ, লক্ষ্মীপুরের বিধায়ক কৌশিক রাই, বরাক চা শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক রাজদীপ গোয়ালা, শিলকুড়ি চাবাগানের ম্যানেজিং ডিরেক্টর এন কে বাগলা সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তি উপস্থিত

ছিলেন । এদিকে মেলায় বরাক উপত্যকার বিভিন্ন প্রান্ত থেকে দোকানীরা পসরা নিয়ে এসেছেন । মেলা চত্বরে ছোটদের জন্যে বিভিন্ন খেলাধূলার সামগ্রীর পাশাপাশি নানা স্থান থেকে আসা সাধু-সন্তদের ভীড়ও পরিলক্ষিত হয়েছে । উল্লেখ্য- এই ক'দিন পূজো দেওয়ার জন্য মন্দির ভোর চারটে থেকে রাত দশটা পর্যন্ত খোলা থাকবে বলে মন্দির কর্তৃপক্ষ জানিয়েছেন ।

---

ধলাই বিধানসভা আসনের উপ-নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় কাছাড়ের জেলা নির্বাচন আধিকারিক ও জেলা আয়ুক্ত মৃদুল যাদব এই ভোটগ্রহণ প্রক্রিয়ার সঙ্গে জড়িত সকল কর্মীকে ধন্যবাদ জানিয়েছেন । গতরাত্রে ভোটগ্রহণ শেষ করে শিলচর রামনগরের আন্তঃরাজ্য ট্রাক টার্মিনাসে অস্থায়ীভাবে স্থাপিত স্ট্রংরুমে ভোটের ই ভি এম সহ অন্যান্য উপকরণ জমা দিতে ফিরে আসা ভোটকর্মীদের শ্রী যাদব তাদের কাজের জন্য ধন্যবাদ জানান । তিনি বলেন যে- ভোটগ্রহণ পর্বের সঙ্গে যুক্ত সকল কর্মীদের ঐকান্তিক প্রচেষ্টায় জেলায় সুষ্ঠুভাবে নির্বাচনী প্রক্রিয়া সম্পন্ন হয়েছে । তিনি তাদের স্বাগত জানিয়ে তার সংক্ষিপ্ত বক্তব্যে ভোটকর্মীদের অক্লান্ত পরিশ্রম এবং অমূল্য অবদানের প্রশংসা করে তাদের কর্তব্যপরায়ণতার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন ।

---

করিমগঞ্জের জেলা কৃষি আধিকারিক এক বিজ্ঞপ্তিতে চলতি বছরের নভেম্বর মাস থেকে সরকার কর্তৃক কৃষকদের উৎপাদিত শাইল ধান কুইন্টাল প্রতি ২ হাজার ৩০০ টাকা করে ক্রয়ের জন্য আবেদন আহ্বান করেছেন । এতে কৃষকদের এই প্রকল্পের সুবিধা গ্রহণ করার জন্য আধার কার্ড ,ভোটার পরিচয়পত্রের ফটোকপি ,ব্যাঙ্ক একাউন্টের ফটোকপি , চাষের মাটির নথি ,পাসপোর্ট সাইজের দুকপি ফটো ও মোবাইল নম্বর সহ করিমগঞ্জের জেলা কৃষি আধিকারিকের কার্যালয় ,রামকৃষ্ণনগরের মহকুমা কৃষি আধিকারিকের কার্যালয় ,কৃষি উন্নয়ন আধিকারিক অথবা স্থানীয় কৃষি সম্প্রসারণ সহায়কের সাথে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

করিমগঞ্জ জেলার বদরপুর সুসংহত শিশু উন্নয়ন প্রকল্পের অধীন ৩৭ টি অঙ্গনওয়ারী কেন্দ্রের ৭ টি কেন্দ্রে অঙ্গনওয়ারী কর্মী এবং ৩৩ টি কেন্দ্রে অঙ্গনওয়ারী সহায়িকা নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে । এতে করিমগঞ্জ জেলার বদরপুর সুসংহত শিশু উন্নয়ন প্রকল্পের শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে মহিলা প্রার্থী যারা অঙ্গনওয়ারী কর্মী ও সহায়িকা হিসেবে স্বেচ্ছায় সেবা দান করতে ইচ্ছুক তারা প্রয়োজনীয় নথিপত্র ও দুই কপি পাসপোর্ট সাইজ ফটো সহ নির্ধারিত

প্রপত্রে দরখাস্ত জমা দিতে পারবেন । দরখাস্ত আগামী ২০ শে নভেম্বর পর্যন্ত সব কর্ম দিবসে সকাল ১১ টা থেকে বিকেল তিনটার মধ্যে বদরপুর আইসিডিএস প্রকল্পের আধিকারিকের কার্যালয়ে জমা দিতে হবে । বিস্তারিত বিবরণ বদরপুর আই সি ডি এস প্রকল্প আধিকারিকের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের অধীন প্রতিটি গাঁও পঞ্চায়েতে আনুষ্ঠানিকভাবে আজ খেল মহারণ দ্বিতীয় পর্যায়ের উদ্বোধন করা হয়েছে । আজ বাজারিছড়া গাঁও পঞ্চায়েতের উদ্বোধনী অনুষ্ঠানে অতিরিক্ত জেলা উপায়ুক্ত মিনার্ভা দেবী আরাম্বাম ,সহকারী আয়ুক্ত রংবং তেরাং ,জেলা ক্রীড়া আধিকারিক ঝিমলী বরা সহ বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ পৌরসভার পুরাতন কার্যালয় ভবনে থাকা ব্যাবহারের অযোগ্য সামগ্রী বিক্রয়ের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে । দরপত্র আগামী ২০ শে নভেম্বর বেলা দুটো পর্যন্ত করিমগঞ্জ পৌরসভা কার্যালয়ে জমা দেওয়া যাবে । বিস্তারিত বিবরণ করিমগঞ্জ পৌরসভা কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা ভেটেনারি বিভাগের উদ্যোগে গতকাল জেলার শিরিসপুরের ইটরকান্দিতে এক পশু চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয় । এতে ২১২ টি গবাদি পশুর পা ও মুখ সংক্রান্ত রোগের টীকা দেওয়া হয় । এছাড়া আরো ৫৫ টি গবাদি পশুর চিকিৎসা করে বিনামূল্যে ওষুধপত্র দেওয়া হয় ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে দ্বিতীয় পর্যায়ের খাজনা আদায়ের শিবির আগামী শনিবার থেকে শুরু হবে । হাইলাকান্দির তহশিলদার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আগামী ১৬ , ১৮ , ১৯ এবং ২০ শে নভেম্বর মাটিজুরি-পাইকান জি পি কার্যালয়ে পূর্বকিত্তারবন্দ জিপি কার্যালয়ে ,দক্ষিণ হাইলাকান্দি ডেভেলাপমেন্ট ব্লক কার্যালয় এবং কালিনগর জি পি কার্যালয়ে খাজনা আদায় শিবিরের আয়োজন করা হয়েছে । এছাড়া পরবর্তী শিবিরগুলি ২১ , ২২ ,২৫ এবং ২৬ নভেম্বর শিরিশপুর জি পি কার্যালয়ে ,আয়মাকাল জি পি কার্যালয়ে ,জামিরা জি পি কার্যালয়ে এবং পাঁচগ্রাম জি পি কার্যালয়ে অনুষ্ঠিত হবে । পাট্টাদারদের তাদের নিকটবর্তী খাজনা আদায় শিবিরে নিজেদের জমির খাজনা জমা দিতে হাইলাকান্দি জেলা প্রশাসন থেকে আহ্বান জানানো হয়েছে । উল্লেখ্য ১১ নভেম্বর থেকে প্রথম পর্যায়ের শিবিরগুলি আজ শেষ হয়েছে ।